সংবাদ

তারিখ ... ১১।৩।৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৬ ...

# এসএসসি পরীক্ষা শুরু।। বিভিন্নস্থানে ৩০জন ছাত্র ও ৫ জন শিক্ষক বহিষ্কৃত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

দেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা গতকাল শুরু হয়েছে।

প্রথম দিনের এসএসসি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত

গতকাল পরীক্ষাকে কেন্দ্র করে মহানগরীতে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি এবং কোন বহিষ্কারেরও খবর পাওয়া যায়নি।

মানিকগঞ্জ থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান যে, মানিকগঞ্জ মহকুমার দৌলতপুর কেন্দ্রে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। আমাদের সিরাজগঞ্জস্থ সংবাদদাতা জানাচ্ছেন যে, নকল করার দায়ে এক কেন্দ্রের একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

মুন্সীগঞ্জস্থ নিজস্ব সংবাদদাতা টেলিফোনে জানান, গতকাল মুন্সীগঞ্জের ৫টি এস এস সি পরীক্ষা কেন্দ্র থেকে ৭ জন ছাত্র ও ৫ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

মুন্সীগঞ্জ কেন্দ্র থেকে ৩ জন ছাত্র, শ্রীনগর কেন্দ্র থেকে ৩ জন

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা শুরু

(১ম পাতার পর)

ছাত্র, সিরাজদিখান কেন্দ্র থেকে ১ জন ছাত্র এবং টঙ্গীবাড়ী কেন্দ্র থেকে ৫ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

কুষ্টিয়ার ভেড়ামারা থেকে আমাদের সংবাদদাতা জানান, গতকাল বৃহস্পতিবার এস এস সি পরীক্ষার প্রথম দিনে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য দৌলতপুর পরীক্ষা কেন্দ্র থেকে ৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

কুমিল্লার দাউদকান্দি থেকে আমাদের সংবাদদাতা জানান, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে এ থানার ২টি কেন্দ্র থেকে মোট ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

গৌরীপুর থেকে আমাদের সংবাদদাতা জানান, প্রথম দিনে গৌরীপুর পরীক্ষাকেন্দ্র থেকে ৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

আজ শুক্রবার ও কাল শনিবার ছুটির দিন।

পরশু রোববার ইংরেজী পরীক্ষা আর তা নিয়েই পরীক্ষার্থীদের উদ্বেগ, উৎকণ্ঠা।